

সমকাল

জবি ছাত্রীর বুকে লাথি, গ্রেপ্তার ১

প্রকাশ: ২৮ মার্চ ২৩ | ২২:২১ | আপডেট: ২৮ মার্চ ২৩ | ২২:২১

জবি প্রতিনিধি



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) এক ছাত্রী শারীরিকভাবে লাঞ্ছনার শিকার হয়েছেন। এ ঘটনায় অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৫টোয় নারিন্দা স্টার বেকারির সামনে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় ওয়ারী থানায় মামলা করেছেন ওই ছাত্রী।

অভিযুক্ত ওই ব্যক্তির নাম উমর ফারুক সুমন (৫০)। তিনি রাজধানীর একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত।

জানা যায়, ভুক্তভোগী ছাত্রী সম্পর্কে বাজে মন্তব্য করেন গ্রেপ্তার সুমন। এর প্রতিবাদ করেন লাঞ্ছার শিকার ওই ছাত্রী। প্রতিবাদ করায় তাকে ইট দিয়ে মারতে আসেন এবং শ্লীলতাহানি করেন সুমন। ঘটনাস্থলে উপস্থিত ব্যক্তিরা রক্ষা করতে এগিয়ে আসার আগেই ওই ছাত্রীর বুকে লাথি মেরে পালিয়ে যান সুমন। পরে পুলিশ সিসিটিভির ফুটেজ দেখে ও স্থানীয়দের সহযোগিতায় অভিযুক্তকে শনাক্ত এবং গ্রেপ্তার করে।

ভুক্তভোগী ছাত্রী বলেন, ‘প্রতিনিয়ত এমন ঘটনা ঘটছে। আমি বিচার চাই। এ ঘটনার সর্বোচ্চ শাস্তির দাবি করছি।’

উপ-পরিদর্শক খায়রুল ইসলাম বলেন, আসামিকে গ্রেপ্তার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠর অধ্যাপক ড. মোস্তফা কামাল বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হেনস্তার ঘটনা জেনেছি। থানায় যোগাযোগ করা হয়েছে। তাকে শাস্তির আওতায় আনা হবে।’

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com